

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০২.২০১৭(অংশ-২)-৪১৮

২৪ জ্যৈষ্ঠ, ১৪২৪
তারিখ : -----
০৭ জুন, ২০১৭

প্রেরক : সিরাজুছ ছালেকীন
সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবালয় ভবন, ৩য় ফেজ,
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানের অনুকূলে আর্থিক অনুদান অবমুক্তকরণ প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, খেলাধুলা পরিচালনা/মাঠ সংস্কারের জন্য ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান এর অনুদান মঞ্জুরী কোডে বরাদ্দকৃত টাকা হতে এতদ্বারা নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পার্শ্বে বর্ণিত পরিমাণ অর্থ অনুদান মঞ্জুরী প্রদান করা হলো :

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	টাকার পরিমাণ
০১	প্রধান শিক্ষক, সানফ্লাওয়ার মডেল স্কুল, হালুয়াঘাট, ময়মনসিংহ।	৩০,০০০/-
	মোট=	৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা

- ২। মঞ্জুরীকৃত এ অর্থ ২০১৬-২০১৭ অর্থবছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুন্নয়ন বাজেটের ৩-৩৬০৫-৩৫১৫-৫৯০০-৫৯০১-সাধারণ মঞ্জুরী খাত হতে মিটানো হবে। এ অর্থ ব্যয়ে যাবতীয় বিধিবিধান এবং নিয়মাত্মক যথাযথভাবে পালন করতে হবে। খেলাধুলা পরিচালনা/ক্রীড়া সামগ্রী ক্রয়/মাঠ সংস্কার ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না।
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ ট্রেজারী হতে টাকা উত্তোলনপূর্বক সংশ্লিষ্ট কমিটি/প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে আবেদন প্রাপ্তির পর চেকের মাধ্যমে টাকা বিতরণ করবেন;
- ৪। সরকারী বিধি মোতাবেক প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়ন করতে হবে।
- ৫। প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট জেলা প্রশাসক তত্ত্বাবধান করবেন; প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তা সমন্বয়ে তদারকি টিম গঠন করতে পারবেন।

(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫১০
তারিখ : ০৭-০৬-২০১৭খিঃ।


নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০২.২০১৭(অংশ-২)-৪১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রদান করা হলো :

০১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
০৩. প্রধান শিক্ষক, সানফ্লাওয়ার মডেল স্কুল, হালুয়াঘাট, ময়মনসিংহ।

টোকেন নং-১১৫

তারিখ : ০৭-০৬-২০১৭


(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব